

ঢাকার খিলক্ষেত থেকে ২৮২৯ বোতল ফেন্সিডিল ও ০১ টি ট্রাক উদ্ধার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,
ঢাকা গোয়েন্দা অঞ্চল ও
র‍্যাব-১ এর সমন্বয়ে গঠিত
একটি বিশেষ দল অতিরিক্ত
পরিচালক (গোয়েন্দা) জনাব
মোঃ নজরুল ইসলাম
সিকদার ও উপপরিচালক
(ঢাকা গোয়েন্দা) জনাব মোঃ

জাফরুল্লাহ কাজল এর নেতৃত্বে গত ০১/১১/২০১৪ ইং তারিখ একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয়। অভিযানিক দলটি গোপন তথ্যের ভিত্তিতে উত্তরা থানাধীন আব্দুল্লাহপুর অবস্থান গ্রহণ করে যশোর ট-১১-০৯২১ নম্বরের ট্রাককে থামার সংকেত দিলে ট্রাকটি সংকেত অমান্য করে দ্রুত বেগে খিলক্ষেতের দিকে অগ্রসর হতে থাকে। পেছন থেকে ধাওয়া করে ট্রাকটিকে আটকানোর চেষ্টা করলে এক পর্যায়ে খিলক্ষেত থানাধীন খিলক্ষেত বাসস্ট্যান্ডস্থ ফুট ওভার ব্রিজের নীচে উত্তরা মহাখালী বাজার উপর ট্রাকটি ফেলে ড্রাইভার ও তার সহযোগীরা পালিয়ে যায়। পরবর্তীতে ট্রাকটি আটকপূর্বক উপস্থিত স্বাক্ষীর সম্মুখে বিধি মোতাবেক তল্লাশী চালিয়ে ট্রাকের মূল কাঠামোর অভ্যন্তরে অভিনব কায়দায় রক্ষিত (ড্রাইভারের পিছনে ও মাথার উপরে কাঠের বিশেষ প্রকোষ্ঠ তৈরী করে) ২৮২৯ (দুই হাজার আটশত উনত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় এবং গাড়ীর টুল বক্স থেকে গাড়ীর ব্লু বুক, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন ও ইন্স্যুরেন্স সার্টিফিকেট জব্দ করা হয়।

পরবর্তীতে ঢাকা গোয়েন্দা অঞ্চলের উপ-পরিদর্শক জনাব মোঃ সুমনুর রহমান বাদী হয়ে উক্ত ট্রাকের মালিক পলাতক আসামী মোঃ আজিজুর রহমান, পিতা- অঞ্জাত, সাং- আবুল কাসেম সড়ক, থানা ও জেলা- সাতক্ষীরা এর বিরুদ্ধে খিলগাঁও থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় একটি নিয়মিত মামলা রুজু করেন(খিলক্ষেত থানার মামলা নং-০২ তারিখ ০১/১১/১৪)। মামলাটির তদন্ত কার্য অব্যাহত আছে।

(মোঃ জাফরুল্লাহ কাজল)
উপ পরিচালক(গোয়েন্দা অঞ্চল)
ঢাকা।